দৈনিক ইনকিলাব

তারিখ 27 JAN 1990
পৃষ্ঠা ... ৩ ... কলাম ৬ ...

# অর্ধশতাধিক শিক্ষকের চাকরী ১৯ বছরেও স্থায়ী হয়নি

রংপুর, ২৬ জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।— বৃহত্তর রংপুর জেলার বিভিন্ন উপজেলার বেশ কিছু বেসরকারী থেকে সরকারীকরণকৃত প্রাথমিক বিদ্যালয়ের অর্ধশতাধিক শিক্ষককে দীর্ঘ ১৯ বছর চাকুরী করার পরেও চাকুরীতে স্থায়ীকরণ না করায় তাদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে।

জানা গেছে, রংপুরের পীরগঞ্জ, গাইবান্ধার পলাশবাড়ী, সুন্দরগঞ্জ ও সদর উপজেলার বেশ কিছু বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শূন্য পদে ১৯৭০ সালে বহুসংখ্যক শিক্ষককে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হয়।

পরে ১৯৭৩ সালের জুলাই থেকে এসব বেসরকারী প্রাথমিক বিদ্যালয়কে সরকারীকরণ করা হয় এবং বেশ কিছুসংখ্যক শিক্ষককে আত্মীকরণ করে চাকুরীতে স্থায়ীকরণ করা হয়। অবশিষ্ট শিক্ষকদের পর্যায়ক্রমে আত্মীকরণ করা হবে বলে আশ্বাস দেয়া হলেও পরবর্তীতে দীর্ঘ ১৬ বছরেও তাদের সরকারীভাবে আত্মীকরণ করা হয়নি।

এ ব্যাপারে তাদের আত্মীকরণের জন্য প্রাথমিক শিক্ষার মহাপরিচালক সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসারের কাছে বিভিন্ন সময় ও তারিখে তদন্ত প্রতিবেদন চেয়ে পাঠালে তা পাঠানো হয়। এরপর মহাপরিচালক কিছু শিক্ষককে আত্মীকরণ করলেও অর্ধশতাধিক শিক্ষকের ভাগ্যে এখনও তা জোটেনি।

জানা গেছে, এসব শিক্ষককে আত্মীকরণের জন্য মহাপরিচালকের দপ্তর থেকে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন চাওয়া হলে— শিক্ষা মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর/৮৬ তারিখের ৭/১০ এম-৪/৮৬ স্মারকে তাদের আত্মীকরণের নির্দেশ দেন। কিন্তু মন্ত্রণালয়ের উক্ত নির্দেশ অজ্ঞাতকারণে আজও কার্যকর হয়নি। ফলে ঐসব শিক্ষকের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে।